# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার ছাগ পাল নিয়ে একাকী আলাদা হয়ে যায়, সাথে সাথে সে আল্লাহর ইবাদত করেন, সে ব্যক্তি উল্লেখিত সাওয়াব পাবে, যদি সে ব্যক্তি তার হাত ও জবান দ্বারা মানুষকে কষ্ট না দিয়ে থাকে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الِاعْتِزَالَ لِمَنْ تفرد بِغَنَمِهِ مَعَ عِبَادَةِ اللَّهِ إِنَّمَا يَسْتَحِقُّ الثَّوَابَ الَّذِي ذَكَرْنَاهُ إِذَا لَمْ يَكُنْ يُؤْذِي النَّاسَ بِلِسَانِهِ ويده

---

আরবী

605 ـ أَخْبَرَنَا حَامِدُ بْنُ مُحَمَّدِ بْنِ شُعَيْبٍ الْبَلْخِيُّ بِبَغْدَادَ حَدَّثَنَا مَنْصُورُ بْنُ أَبِي مُزَاحِمٍ حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ عَنِ الزُّبَيْدِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ: أَنَّ رَجُلًا أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ أَيُّ الْأَعْمَالِ أَفْضَلُ؟ فقال: (رَجُلٌ جَاهَدَ فِي سَبِيلِ اللَّهِ بِمَالِهِ وَنَفْسِهِ) قَالَ: ثُمَّ مَنْ؟ قَالَ: (مُؤْمِنٌ فِي شِعْبٍ [مِنَ] الشِّعَابِ يَعْبُدُ اللَّهَ ويدع الناس من شره.)

الراوي : أَبو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 605 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬০৫. আবু সা’ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বললেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কোন আমল উত্তম?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “ঐ ব্যক্তি (উত্তম), যিনি তার জান ও মাল দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ করেন।” তিনি আবার প্রশ্ন করেন: “তারপর কোন ব্যক্তি?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “ঐ মুমিন ব্যক্তি যিনি কোন এক উপত্যকায় থাকেন; সেখানে আল্লাহর ইবাদত করেন এবং মানুষকে তার অনিষ্ট থেকে বিরত রাখেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৮৮৮; ইবনু মাজাহ: ৩৯৭৮; নাসাঈ: ৬/১১; আবু আওয়ানা: ৫/৫৫; মুসনাদ আহমাদ: ৩/১৬; সহীহ আল বুখারী: ২৭৯৪; তিরমিযী: ১৬৬০; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৬২২; আবু দাউদ: ২৪৮৫।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২২৪৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89107

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন